ইত্তেফাক

তারিখ ... ৭.২.৮৫ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ৬ ...

010

# বোর্ডের অনেক বই এখনো বাজারে আসে নাই

**। আকরাম হোসেন খান ।**

অবশেষে গতকাল (বুধবার) নবম শ্রেণীর মাত্র ৫টি পাঠ্য বই প্রকাশিত হইয়াছে। গতকালই বাংলা গদ্য, অর্থনীতি, ভূগোল, আধুনিক বিজ্ঞান ও গালিভার্স ট্রাভেল এই পাঁচটি পাঠ্য বই বাজারে ছাড়া হইয়াছে। তবে বাধ্যতামূলক বিষয়গুলি প্রয়োজনের তুলনায় এ পর্যন্ত শতকরা ৫০ ভাগ প্রকাশিত হইয়াছে। বাদবাকীর প্রকাশনা এখনও বাকী। প্রকাশনার বিলম্বের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রকাশকগণ জানান, বিদ্যুৎ বিভ্রাট ও কাগজের সংকটে এ বিলম্ব ঘটিতেছে।

চলতি শিক্ষাবর্ষে নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীর হিসাব অনুযায়ী বাধ্যতামূলক বিষয়গুলির প্রায় ৩ লক্ষ কপি বই প্রকাশ করার কথা থাকিলেও মাত্র দেড়লক্ষ কপি বই প্রকাশিত হইয়াছে। বাংলা গদ্য, ইংরেজী, অংক, জ্যামিতি ও ইতিহাসসহ অন্যান্য বই আগামী সপ্তাহের মধ্যেই বাজারে ছাড়া হইবে বলিয়া সংশ্লিষ্ট মহল জানান।

গত বছর হইতে পাবলিশার্স

(৮ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বই বাজারে আসে নাই

(১ম পৃঃ পর)

এসোসিয়েশন ষষ্ঠ শ্রেণী হইতে দশম শ্রেণী পর্যন্ত বোর্ডের পাঠ্য বই প্রকাশনার দায়িত্ব পাইয়াছে।

পাবলিশার্স এ্যাসোসিয়েশনের সম্পাদক জানান, ছাপাখানা, প্রয়োজনীয় কাগজ ও বাঁধাই সংকট এবং লোডশেডিং ও বিলম্বে পাঠ্য বইয়ের পাণ্ডুলিপি সরবরাহ করার জন্য সময়মত এবং সমুদয় বই প্রকাশ ও সরবরাহ করা সম্ভব হয় নাই। তিনি জানান, ২০´´×৩০´´ সাইজের প্রেসে পাঠ্যবই ছাপিতে হয়। দেশে এই আকারের প্রেসের সংখ্যা অত্যন্ত কম। তদুপরি গত নভেম্বর ও ডিসেম্বর মাসে স্কুল টেক্সট বুক বোর্ড পাঠ্য বইগুলির পাণ্ডুলিপি সরবরাহ করে। ইহা ছাড়াও বিদ্যুৎ সরবরাহে লোডশেডিং-এর জন্য সন্ধ্যা ৬টা হইতে রাত ৯টা পর্যন্ত ছাপাখানায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকে।